

## ■ সুনান আত তিরমিজী (তাহকীকৃত)

হাদিস নাম্বারঃ ৩৬৩৭

৪৬/ রাসূলুল্লাহ ﷺ ও তার সাহাবীগণের মর্যাদা (كتاب المناقب عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ৮. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দেহের গঠন

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ، حَدَّثَنَا الْمَسْعُودِيُّ، عَنْ عُثْمَانَ بْنِ مُسْلِمٍ بْنِ هُرْمَزَ، عَنْ نَافِعِ بْنِ جَبَيرٍ بْنِ مُطْعِمٍ، عَنْ عَلَىٰ، قَالَ لَمْ يَكُنْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْطَّوِيلِ وَلَا بِالْقَصِيرِ شَتْنَ الْكَفَيْنِ وَالْقَدْمَيْنِ ضَخْمَ الرَّأْسِ ضَخْمَ الْكَرَادِيسِ طَوِيلَ الْمَسْرِيَّةِ إِذَا مَشَى تَكَفَّاً تَكَفُّوا كَائِنَمَا انْحَاطَ مِنْ صَبَبٍ لَمْ أَرَ قَبْلَهُ وَلَا بَعْدَهُ مِثْلُهُ .  
قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

حَدَّثَنَا سُفِيَّانُ بْنُ وَكِيعٍ، حَدَّثَنَا أَبِي، عَنِ الْمَسْعُودِيِّ، بِهَذَا الإِسْنَادِ نَحْوُهُ .

বাংলা

৩৬৩৭। আলী (রায়িঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম না অতি লম্বা ছিলেন আর না (অতি) বেঁটে ছিলেন। তার দু হাত ও দু পা ছিল মাংসবহুল, মাথা ছিল আকারে বৃহৎ এবং হাড়ের গ্রাহিসমূহ ছিল স্তুল ও শক্তিশালী। তার বুক হতে নাভি অবধি প্রলম্বিত ফুরফুরে পশমের একটি রেখা ছিল। চলার সময় তিনি সম্মুখের দিকে ঝুঁকে হাটতেন, যেন তিনি ঢালবিশিষ্ট জায়গা দিয়ে হেঁটে চলছেন। আমি তার পূর্বে কিংবা তার পরে আর কাউকে তার মতো দেখিনি।

সহীহঃ মুখ্তাসার শামায়িল (৪০)।

আবু ঈসা বলেন, এ হাদীসটি হাসান সহীহ। সুফইয়ান ইবনু ওয়াকী'-তার বাবা ওয়াকী হতে, তিনি আল মাসউদী হতে এই সনদসূত্রে একই রকম রিওয়ায়াত করেছেন।

## English

Narrated 'Ali:

"The Prophet (ﷺ) was not tall nor was he short, his hands and feet were

thick, his head was large, he was big-boned, he had a long Masrubah (the line of hair from the chest to the navel), and whenever he walked, he leaned forward as if he was going down a decline. I have not seen anyone before him nor after him that resembled him (ﷺ)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁরীক্ষিত

পাবলিশার: হসাইন আল-মাদানী □ বর্ণনাকারী: আলী ইবনু আবী তালিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=42030>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন